ছ. প্রযোজ্য ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি ও সনদধারী মুক্তিযোদ্ধার জন্ম তারিখ, মুক্তিবার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ উল্লেখপূর্বক সংলগ্নী এর সত্যায়িত কপি।

জ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার ঔরশজাত সন্তান ও সন্তানদের সন্তান হিসেবে চিহ্নিত করণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূলকপি। এছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তানের ক্ষেত্রে বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেটের কপি; অন্যথায় ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট এর নিকট সম্পাদিত অ্যাফিডেভিট এর কপি।

ঝ. আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট রেঞ্জের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, এর অনুকূলে যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংক হতে "পরীক্ষার ফি" ৩০০/- (তিনশত) টাকা "১-২২১১-০০০০-২০৩১" নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা পূর্বক চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

ঞ. সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীগণকে তাদের স্ব-স্ব বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। **আবেদনপত্র জমাদানের সময়সীমা :**

ক. প্রাথমিকভাবে শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ২৯/০৭/২০১৫ খ্রি. তারিখের মধ্যে নিজ নিজ রেঞ্জ ডিআইজি এর কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

খ. ডাকযোগে প্রেরিত আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে না পৌঁছলে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের কোন সুযোগ থাকবে না। এক্ষেত্রে প্রার্থী নিজে দায়ী থাকবে।

৭। **লিখিত পরীক্ষার প্রবেশপত্র** : সংশ্লিষ্ট রেঞ্জ ডিআইজিগণ প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু ও উহা যথাসময়ে প্রার্থীর নিকট প্রেরণের ব্যবস্থা করবেন। লিখিত ও মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই প্রবেশপত্র সংগে আনতে হবে।

৮। **লিখিত পরীক্ষার তারিখ, সময় ও নম্বর :**

ক. শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, লিখিত পরীক্ষার স্থান পরবর্তীতে অবহিত করা হবে।

ক) মনস্তত্ত্ব	০৭/০৮/২০১৫ খ্রি.	বিকাল ০৩.০০ টা হতে ০৩.৩০ টা পর্যন্ত	২৫ নম্বর
খ) ইংরেজি, বাংলা রচনা ও কম্পোজিশন	০৮/০৮/২০১৫ খ্রি.	বিকাল ০২.০০ টা হতে ০৫.০০ টা পর্যন্ত	১০০ নম্বর
গ) সাধারণ জ্ঞান ও পাটিগণিত	০৯/০৮/২০১৫ খ্রি.	বিকাল ০২.০০ টা হতে ০৫.০০ টা পর্যন্ত	১০০ নম্বর

খ. রেঞ্জ ডিআইজিগণ লিখিত পরীক্ষা কেন্দ্রের স্থান নির্ধারণ করবেন এবং প্রার্থীদেরকে তা যথাসময়ে অবহিত করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন।

৯। **মৌখিক পরীক্ষা** : মনস্তত্ত্ব ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হিসেবে বিবেচিত হবেন এবং মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে উত্তীর্ণ প্রার্থীদের অবহিত করা হবে।

১০। **স্বাস্থ্য পরীক্ষা এবং ভিআর ফরম পূরণ** : প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে স্বাস্থ্য পরীক্ষা ও ভিআর ফরম পূরণ করতে হবে। এ সংক্রান্তে সংশ্লিষ্ট রেঞ্জ ডিআইজিগণ কর্তৃক তারিখ, সময় ও স্থান যথাসময়ে অবহিত করা হবে।

১১। **চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন** : নির্বাচনী বোর্ড কর্তৃক সুপারিশকৃত প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ও ভিআর সফলভাবে সম্পন্নের পর মৌলিক প্রশিক্ষণ গ্রহণের জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হবে। তবে পুলিশ ভেরিফিকেশন ফরমে কোন তথ্য গোপন অথবা মিথ্যা তথ্য প্রদান করলে কোন প্রার্থীকে প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হবে না।

১২। **প্রশিক্ষণ :**

ক. বহিরাগত ক্যাডেট হিসাবে নির্বাচিত প্রার্থীদেরকে বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহীতে ১ (এক) বৎসর মেয়াদী মৌলিক প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে।

খ. প্রশিক্ষণকালীন বিনামূল্যে আহার, বাসস্থান, ইউনিফর্ম, চিকিৎসা সেবা প্রদান করা হবে। এ ছাড়াও ৭০০/- (সাতশত) টাকা হারে মাসিক ভাতা প্রদান করা হবে।

গ. প্রশিক্ষণকালীন অথবা পরবর্তীতে যে কোন সময় প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে প্রশিক্ষণ হতে অব্যাহত/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। **নিয়োগ ও চাকরির সুবিধাদি :**

ক. সাফল্যজনকভাবে মৌলিক প্রশিক্ষণ সমাপ্তির পর ২০০৯ সনের জাতীয় বেতন স্কেলের ১০ম গ্রেড: ৮০০০-৪৫০x৭-১১১৫০-ইবি-৪৯০x১১-১৬৫৪০/- টাকা তৎসহ প্রাপ্য অন্যান্য সুবিধাদি (যেমন-স্বল্প মূল্যে রেশন, বিনামূল্যে পোশাক ও চিকিৎসা সুবিধা ইত্যাদি) সুবিধাদি প্রদানের শর্তে শিক্ষানবিস সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) পদে নিয়োগ প্রদান করা হবে।

খ. বিনামূল্যে পোষাক সামগ্রী, ঝুঁকি ভাতা, চিকিৎসা সুবিধা এবং নিজ ও পরিবারের নির্ধারিত সংখ্যক সদস্যদের জন্য প্রাপ্যতা অনুযায়ী পারিবারিক রেশন সামগ্রী স্বল্প মূল্যে প্রাপ্য হবে।

গ. প্রচলিত নিয়মানুযায়ী উচ্চতর পদে পদোন্নতিসহ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে যাবার সুযোগ রয়েছে।

১৪। **সাধারণ নির্দেশাবলী :**

ক. কর্তৃপক্ষ সার্বিক অবস্থা বিবেচনায় নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

খ. নিয়োগ প্রাপ্তদেরকে যে কোন জেলা/ইউনিটের শূন্য পদের বিপরীতে বদলী করা হলে, তারা উক্ত জেলা/ইউনিটে সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র)-এর শূন্য পদে যোগদান করতে বাধ্য থাকবে।

গ. শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিষয়ে প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্যাদি সম্পর্কে তদন্তে কিংবা তদন্ত পরবর্তীতে কোন বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে উক্ত প্রার্থীকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ. মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে তাদের পিতা/মাতা/পিতামহ/মাতামহের অনুকূলে দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র যাচাইঅন্তে সঠিক পাওয়া না গেলে তাদেরকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থী কর্তৃক দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে একবার জাল/ভুয়া প্রমাণিত হলে তা পুনঃ যাচাইয়ের কোন সুযোগ থাকবে না।

ঙ. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত কিংবা মিথ্যা তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে মিথ্যা তথ্য সম্বলিত আবেদিত প্রার্থী প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত/নিয়োগকৃত/প্রশিক্ষণরত/চাকরিরত অর্থাৎ যে কোন পর্যায়ে নিয়োগের অযোগ্য/বহিষ্কার/চাকরিচ্যুত/বরখাস্তসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ. চাকরিতে প্রবেশকালীন প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি (বিভিন্ন সনদ/প্রত্যয়নপত্র) ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম সম্পন্নের পরে ইস্যুকৃত বা নতুনভাবে অন্য কোন কাগজপত্রাদির ভিত্তিতে পরবর্তীতে নিয়োগ প্রদানের কোন সুযোগ নেই।

ছ. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন প্রার্থীর নিয়োগ/আবেদনপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

জ. পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

মো: মনিরুল ইসলাম
বিপি ৬৯৯৯১১৯৭৭৩
এআইজি (রিক্রুটমেন্ট এন্ড ক্যারিয়ার প্ল্যানিং)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

চ-২৬৬৩ (৩০"x২)